# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**১৫ এপ্রিল, (বুধবার)**

[**সময়কালঃ ১৫.০৪.২০২০–১৯.০৪.২০২০**]



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# <u>মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ</u>

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রাজশাহী ও রংপুর বিভাগের অনেক জায়গায়; ঢাকা, ময়মনসিংহ ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় এবং বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। ফরিদপুর, মাদারীপুর, রাঙামাটি, রাজশাহী, পাবনা ও সিলেট অঞ্চলসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু জায়গা হতে প্রশমিত হতে পারে। সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে।

মধ্য মেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী ১৭-২১ এপ্রিল দেশের হাওর অঞ্চলের কয়েকটি জেলায় মাঝারি ধরণের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। হাওর অঞ্চলের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ নীচে প্রদান করা হলো। যেসব জেলায় গত চার দিন শুষ্ক আবহাওয়া ছিল এবং আগামী পাঁচ দিনও শুষ্ক আবহাওয়া থাকার সম্ভাবনা রয়েছে সেসব জেলার জন্যও বিস্তারিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হয়েছে।

আকস্মিক বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:

১। বোরো ধান ৮০% পরিপক্ক হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
২। দ্রুত পরিপক্ক সবজি, মসুর ও গম সংগ্রহ করে ফেলুন।
৩। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
৪। জমির আইল উঁচু করে দিন।
৫। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
৬। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
৭। বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
৮। কলা ও অন্যান্য উদ্যানতাত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
৯। জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নীচু এলাকা থেকে উঁচু এলাকায় স্থানান্তরের জন্য নৌকার ব্যবস্থা রাখুন।
১০। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
১১। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।

যেসব জেলায় আগামী পাঁচ দিন শুষ্ক আবহাওয়া থাকার সম্ভাবনা রয়েছে সেসব জেলার জন্য কৃষি আবহাওয়া পরামর্শ:

**বোরো ধান:**

- এডব্লিউডি পদ্ধতি অনুসরণ করে জমির পানির স্তর ২-৫ সেমি বজায় রাখুন।
- চারার বয়স ৯০-১১০ দিন হলে ইউরিয়া ও পটাশ সার শেষ উপরি প্রয়োগ করুন।
- জমি ও সেচ নালা আগাছামুক্ত রাখুন।
- মাজরা পোকার আক্রমণ দেখা দিতে পারে। দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য কার্বোফুরান গ্রুপের বালাইনাশক প্রয়োগ করুন।
- বালাইনাশক প্রয়োগ করার আগে সেচের পানি নিষ্কাশন করে ফেলুন।
- ব্লাস্ট রোগ দেখা দিলে নাটিভো ৭৫ডব্লিউজি/ট্রুপার @ ০.৬ গ্রাম/লিটার পানি অথবা প্রতি লিটার পানিতে ১ মিলি এমিস্টার টপ ৩২৫ এসপি মিশিয়ে স্প্রে করুন।
- বাদামী দাগ রোগের আক্রমণ হলে থিওভিট+পটাশ প্রয়োগ করুন।
- বিকেলে অথবা সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টার মধ্যে বালাইনাশক প্রয়োগ করুন।

- বোরো চাষ পুরোদমে চলছে। কাজেই অন্যান্য রোগ ও পোকামাকড়ের আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে এবং উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় থেকে প্রদত্ত পরামর্শ অনুযায়ী বালাই ব্যবস্থাপনা করতে হবে।

**ভুট্টা:**

- খোল পোড়া রোগ দেখা দিলে প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ মিলি প্রোপিকোনাজল মিশিয়ে স্প্রে করুন।
- ভুট্টায় ফল আর্মি ওয়ার্ম এর আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রণের জন্য অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- কাটুই পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।

**চীনা বাদাম:**

- রোগ বালাই এর আক্রমণ থেকে রক্ষা পেতে নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে টিক্কা রোগের আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রনের জন্য প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।

**সবজি:**

- হালকা সেচ প্রদান করুন।
- বর্তমান আবহাওয়ায় মরিচে থ্রিপস ও জাব পোকার আক্রমণ দেখা দিতে পারে। অনুমোদিত মাত্রায় বালাইনাশক প্রয়োগ করুন।
- পেঁয়াজে থ্রিপস পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।
- বেগুনে কান্ড ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিতে পারে। সঠিক ব্যবস্থাপনার জন্য প্রতি একর জমিতে ১০টি ফেরোমন ফাঁদ স্থাপন করুন।
- ফল পর্যায়ে টমেটো ও বেগুনে ব্লাইট রোগ দেখা দিলে ১০ লিটার পানিতে ৩ গ্রাম হারে স্ট্রেপ্টোসাইক্লিন মিশিয়ে প্রয়োগ করুন।
- শোষক পোকার আক্রমণ দেখা দিলে সপ্তাহে একদিন অনুমোদিত মাত্রায় নিমের তেল প্রয়োগ করা যেতে পারে।

**উদ্যান ফসল:**

- রোগ বালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে।
- লেবু জাতীয় ফসলে ক্যাঙ্কার রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- আমের ফল ঝরে যাওয়া থেকে রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- আমে ফলের মাছি পোকার আক্রমণ হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**পাট:**

- বীজ বপন অব্যাহত রাখুন।

**গবাদি পশু:**

- গবাদি পশুকে পর্যাপ্ত পানি পান করান।
- টীকা প্রদানের জন্য বিশেষজ্ঞের পরামর্শ নিন।
- গোয়াল ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন।
- রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য মিনারেল মিক্সচার খাওয়ান।

**হাঁসমুরগী:**

- পশু চিকিৎসকের পরামর্শ নিয়ে এক সপ্তাহের বাচ্চাকে রানীক্ষেত রোগের এবং দুই সপ্তাহের বাচ্চাকে গামবোরো রোগের টীকা দেওয়া যেতে পারে।
- থাকার জায়গা পরিষ্কার রাখুন।
- রোগ দেখা দিলে আক্রান্ত হাঁসমুরগী সরিয়ে ফেলুন।

**মৎস্য:**

- পুকুরের গভীরতা ১-১.৫ মিটার বজায় রাখুন।
- ভালো মানের খাবার দিন।
- ব্যাকটেরিয়াজনিত রোগ থেকে মাছ রক্ষার জন্য পুকুরে চুন প্রয়োগ করুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১৫ এপ্রিল ২০২০, সকাল ০৬টা পর্যন্ত) এবং ১৪ এপ্রিল ২০২০ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১৫ এপ্রিল ২০২০ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩৩.২ | ২৬.৯ | রাজশাহী | রাজশাহী | ০০ | ২৮.০ | ২৫.৮ |
| | টাঙ্গাইল | ০০ | ৩০.৬ | ২৫.৮ | | ঈশ্বরদী | ০০ | ৩০.২ | ২৫.৮ |
| | ফরিদপুর | ০০ | ৩৩.৪ | ২৫.৮ | | বগুড়া | ০০ | ৩০.০ | ২৬.২ |
| | মাদারীপুর | ০০ | ৩৫.০ | ২৫.৩ | | বদলগাছী | ০০ | ২৭.০ | ২৪.৭ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৫.০ | ২৫.৫ | | তাড়াশ | ০০ | ২৯.০ | ২৫.৫ |
| | নিকলি | ০০ | ৩১.০ | ২৫.০ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ২৭.৮ | ২৫.৬ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ২৯.৬ | ২৪.৬ | | দিনাজপুর | ০০ | ২৪.৪ | ২০.২ |
| | নেত্রকোনা | ০০ | ২৯.৫ | ২৩.৮ | | সৈয়দপুর | ০০ | ২৪.৫ | ২৬.১ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ২২.৯ | ২১.৫ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩২.৫ | ২৫.৫ | | ডিমলা | ০০ | ২৫.৭ | ২৩.৬ |
| | সন্দ্বীপ | ০০ | ৩৩.৬ | ২৪.৫ | | রাজারহাট | ০০ | ২৮.০ | ২৩.০ |
| | সীতাকুন্ড | ০০ | ৩৪.০ | ২৫.৩ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩৭.৮ | ২৪.৮ | খুলনা | খুলনা | ০০ | ৩৫.০ | ২৫.০ |
| | কুমিল্লা | ০০ | ৩৩.২ | ২৫.৩ | | মংলা | ০০ | ৩৭.০ | ২৫.৫ |
| | চাঁদপুর | ০০ | ৩৫.০ | ২৬.১ | | সাতক্ষীরা | ০০ | ৩৪.৪ | ২৬.৪ |
| | মাইজদীকোর্ট | ০০ | ৩৫.৮ | ২৫.৬ | | যশোর | ০০ | ৩৪.৬ | ২৫.৮ |
| | ফেনী | ০০ | ৩৫.৩ | ২৫.৫ | | চুয়াডাঙ্গা | ০০ | ৩১.৭ | ২৫.৮ |
| | হাতিয়া | ০০ | ৩৫.০ | ২৪.০ | | কুমারখালী | ০০ | ২৯.৬ | ২৬.৬ |
| | কক্সবাজার | ০০ | ৩৩.৫ | ২৪.৭ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩২.৫ | ২৪.৪ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৫.৬ | ২৫.০ |
| | টেকনাফ | ০০ | xx | xx | | পটুয়াখালী | ০০ | ৩৫.৩ | ২৪.৭ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩৪.৬ | ২৪.৮ |
| সিলেট | সিলেট | ০০ | ৩৩.৫ | ২৪.২ | | ভোলা | ০০ | ৩৪.৫ | ২৫.৫ |
| | শ্রীমঙ্গল | ০০ | ৩৫.০ | ২৩.০ | | | | | |

প্রধান বৈশিষ্ট' সমূহঃ-:

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্বল সূর্যকিরণ কালের গড় ৫.৫০ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাস্পীভবনের গড় ৩.৫০ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


পূর্বাভাসঃ রাজশাহী ও রংপুর বিভাগের অনেক জায়গায়; ঢাকা, ময়মনসিংহ ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় এবং বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে।


তাপপ্রবাহ: রাঙ্গামাটি ও মংলা অঞ্চলের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে ।


তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


## সপ্তাহের শেষে (১৪ মার্চ ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন

















Minimum Temperature (°C)
(08/04/2020 - 14/04/2020)
(°C)
19 21 23 26
Anomaly Minimum Temperature (°C)
(08/04/2020 - 14/04/2020)
(°C)
-3 -2 -1 0 1
Diurnal Temperature (°C)
(08/04/2020 - 14/04/2020)
(°C)
8 10 12 14 16
Anomaly Diurnal Temperature (°C)
(08/04/2020 - 14/04/2020)
(°C)
-1 0 1 2 3 4 5


Maximum Humidity (%)
(08/04/2020 - 14/04/2020)
(%)
60 68 76 84 92 100


Minimum Humidity (%)
(08/04/2020 - 14/04/2020)
(%)
32 40 48 56 64 72


Wind Speed (knots)
(08/04/2020 - 14/04/2020)
(knots)
0 1 2 3 4 5


Cloud Amount (Octa)
(08/04/2020 - 14/04/2020)
(Octa)
1 2 3 4 5 6

# আবহাওয়া পূর্বাভাস


## আবহাওয়া পূর্বাভাস (১৫/০৪/২০২০ হতে ২১/০৪/২০২০ তারিখ পর্যন্ত):


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৫.০০ থেকে ৬.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


আগামী সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।

- এ সময়ের সিলেট, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর বিভাগের অনেক স্থানে অস্থায়ী দমকা/ ঝড়ো হাওয়াসহ হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি (১১-২২ মি. মি./প্রতিদিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে । সেই সাথে সিলেট ও ময়মনসিংহ বিভাগ এবং কিশোরগঞ্জ ও ব্রাহ্মনবাড়িয়া অঞ্চলের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) হতে (৪৪-৮৮ মি. মি./প্রতিদিন) ভারী বর্ষণের সম্ভবনা রয়েছে।
- এ সময়ের খুলনা, বরিশাল, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু স্থানে অস্থায়ী দমকা/ ঝড়ো হাওয়াসহ হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি (১১-২২ মি. মি./প্রতিদিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে ।
- এ সময়ে দিন ও রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে ।


### আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (১৫ এপ্রিল হতে ১৯ এপ্রিল ২০২০ পর্যন্ত)










Minimum Temperature (°C)
(15/04/2020 - 19/04/2020)
18 20 22 24 26
(°C)


Diurnal Temperature (°C)
(15/04/2020 - 19/04/2020)
6 8 10 12 14 16 18
(°C)

Maximum Humidity (%)
(15/04/2020 - 19/04/2020)
60 65 70 75 80 85
(%)

Minimum Humidity (%)
(15/04/2020 - 19/04/2020)
40 48 56 64 72 80
(%)



Wind Speed (knots)
(15/04/2020 - 19/04/2020)
(knots)
2 3 4 5 6

## বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 14 (31 March-06 April 2020) over Agricultural regions of Bangladesh





NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 14 (31 March-06 April 2020) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 14 (31 March-06 April 2020) over Agricultural regions of Bangladesh





NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 14 (31 March-06 April 2020) over Agricultural regions of Bangladesh



## Monitoring Meteorological Drought in Bangladesh using Standardized Precipitation Index (SPI)

দেখা গেছে যে গত চার সপ্তাহে (মার্চ সহ ২০২০) দক্ষিণ এবং উত্তর-পশ্চিমাঞ্চলের জেলাসমূহ অতিমাত্রায় ভেজা পরিস্থিতি ছিল এবং কেন্দ্রীয় অংশ হালকা থেকে মাঝারি ধরনের ভেজা পরিস্থিতি ছিল । বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলগুলিতে অতিমাত্রায় শুক পরিস্থিতি বিরাজমান ছিল ।




ডেটা সোর্স: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর